গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
http://www.nationalsavings.gov.bd

# কার্যবিবরণী

**জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন টিম-এর ফেব্রুয়ারী, ২০১৭ মাসের সভা**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আবু তালেব, পরিচালক (যুগ্ম-সচিব)<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৭ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিঃ; সকাল ৯.৩০ ঘটিকায়। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা পরিশিষ্ট-**'ক'** তে দেখানো হয়েছে।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব বাবলু কুমার সাহা। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উপ-পরিচালক ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর ইনোভেশন টিম এর সদস্য সচিব জনাব মুহাম্মদ মিজানুর রহমানকে অনুরোধ জানালে জনাব রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

০১। সভার শুরুতেই জাতীয় সঞ্চয় অধিদপ্তর ইনোভেশন টিমের বিগত সভার কার্যবিবরণীর উপর আলোচনা হয় এবং আলোচনান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-০২: জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৭ বাস্তবায়ন**

০২। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৭ বাস্তবায়ন এর বিষয়ে পর্যালোচনাপূর্বক বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (০১) | ওয়েব সাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি এবং উদ্ভাবন সংক্রান্ত পেইজ সংযোজন; | আলোচনার শুরুতে উপ-পরিচালক (পলিসি) জনাব মুহাম্মদ মিজানুর রহমান সভাকে জানান, নাগরিক সেবা উদ্ভাবন বিষয়ক গত ১২-১৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ তারিখে বিসিএস কর একাডেমিতে একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরের পক্ষ হতে অন-লাইনে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত একটি Power-point presention উপস্থাপন করা হয়; যা বাস্তবায়ন করার জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়।<br>এ বিষয়ে উপস্থিত মহাপরিচালক মহোদয় বলেন, যে পদ্ধতিতে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে অন-লাইন অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত একটি পেইজ সংযোজন করা হবে; সেই পদ্ধতিতেই ইজিপি সংক্রান্ত পেইজ সংযোজন করা যেতে পারে। | (ক) কর্মপরিকল্পনা অনুযায়ী জুন/১৭ মাসের মধ্যে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিদ্যমান ওয়েবসাইটে অন-লাইন অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির নিমিত্ত একটি পেইজ সংযোজন করা হবে।<br>(খ) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৭ অনুযায়ী জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে একটি ইজিপি সংক্রান্ত পেইজ সংযোজন করা হবে। | উপ-পরিচালক (পলিসি) ও সহকারী পরিচালক (প্রশাসন) ও |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (০২) | জাতীয় সঞ্চয় ব্যুরোর সকল কার্যালয়ে ই-সেভিং সফটওয়্যার চালুকরণ; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৭ এবং বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি অনুযায়ী সকল সঞ্চয় ব্যুরোতে ই-সেভিং সফটওয়্যার চালু করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক বলেন, ই-সেভিংস সফটওয়্যার বাস্তবায়নের জন্য বাস্তবায়নকারী কর্মকর্তা জনাব মোঃ মাসুদুর রহমান একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে পারে। তাছাড়া যে সকল সঞ্চয় ব্যুরো এখনও ডাটা এন্ট্রির কাজ শেষ করতে পারেনি; সে সকল সঞ্চয় ব্যুরো আগামী ০১ (এক) মাসের মধ্যে ডাটা এন্ট্রির কাজ শেষ করবে। | (ক) ই-সেভিংস সফ্টওয়্যার বাস্তবায়ন সংক্রান্ত একটি কর্মপরিকল্পনা আগামী ৩০ দিনের মধ্যে প্রস্তুতপূর্বক মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। | সহকারী পরিচালক জনাব মোঃ মাসুদুর রহমান। |
| | | | (খ) যে সকল সঞ্চয় ব্যুরো এখনও ডাটা এন্ট্রির কাজ শেষ করতে পারেনি, সে সকল সঞ্চয় ব্যুরো ৩১শে মার্চ ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ডাটা এন্ট্রির কাজ শেষ করার জন্য প্রশাসন শাখা হতে একটি পত্র জারী করা হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| (০৩) | উঠান বৈঠকের মাধ্যমে উদ্বুদ্ধকরণ; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৭ এবং বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি অনুযায়ী উঠান বৈঠকের মাধ্যমে উদ্বুদ্ধকরণ কাজ চালু রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তার মধ্যে ৪ (চার) জন কর্মকর্তা মার্চ/১৭ মাসের মধ্যে অন্তত: ১টি করে উঠান বৈঠকের আয়োজন করবেন-মর্মে সভাকে জানান। উপস্থিত মহাপরিচালক মহোদয় অফিসে স্বাভাবিক কাজের ব্যঘাত না ঘটিয়ে অতীতের ন্যায় শুধুমাত্র শুক্রবার ও শনিবার উঠান বৈঠকের আয়োজন করতে হবে-মর্মে নির্দেশনা প্রদান করেন। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত যে সকল কর্মকর্তা এখনও উঠান বৈঠক আয়োজন করতে পারেনি তারা আগামী মার্চ/১৭ মাসের মধ্যে অন্তত: ১টি স্পটে উঠান বৈঠক আয়োজন করে মহাপরিচালক মহোদয়ের নিকট প্রতিবেদন দাখিল করবেন। | প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তাবৃন্দ। |
| (০৪) | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল অফিসে সিসি-টিভি ক্যামেরা স্থাপন; | মাঠ পর্যায়ের অফিসের নিরাপত্তা বৃদ্ধি এবং বিশেষ করে সঞ্চয় ব্যুরোর নিরাপত্তা বৃদ্ধির জন্য সকল অফিসে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন-মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের সিসি টিভি ক্যামেরা স্থাপনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |

০৩। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন টিম এর সকল সদস্য এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

স্বাঃ-

(মোঃ আবু তালেব)
পরিচালক (যুগ্ম-সচিব)
ও
আহবায়ক
'জাতীয় সঞ্চয় অধিদপ্তর-ইনোভেশন টিম'

**পরিশিষ্ট-'ক'**

উপস্থিত কর্মকর্তা/কমচারীবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব রাজিয়া বেগম, উপ-পরিচালক (জনসংযোগ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০২। জনাব মুহাম্মদ মিজানুর রহমান, উপ-পরিচালক (পলিসি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব মোহাম্মদ মনির হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৪। জনাব মোঃ রেজানুর রহমান, সহকারী পরিচালক (বাজেট), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৫। জনাব মোহাম্মদ খলিলুর রহমান, সহকারী পরিচালক (ক্যাশ) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৬। জনাব সুলতানা জাকিয়া, সহকারী পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৭। জনাব রুমানা সিদ্দিকা, সহকারী পরিচালক (অডিট ও আইন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৮। জনাব আসমা খাসম, সাঁট-লিপিকার, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৯। জনাব মোঃ আনিছুর রহমান ভূঞাঁ, উচ্চমান সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১০। জনাব দেবেন্দ্র নাথ বিশ্বাস, উচ্চমান সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১১। জনাব আইয়ুব আলী, উচ্চমান সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

নং-০৮.০৪.০০০০.০১২.০৬.১১৬.১৬- ৫৬৮

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৩ বঃ
২৭ ফেব্রুয়ারী, ২০১৭ খ্রিঃ

**বিতরণঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব রাজিয়া বেগম, উপ-পরিচালক (জনসংযোগ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০২। জনাব মুহাম্মদ মিজানুর রহমান, উপ-পরিচালক (পলিসি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব মোহাম্মদ মনির হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৪। জনাব সুলতানা জাকিয়া, সহকারী পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ..........................।
০৩। সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৪। সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, .........................।
০৫। সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, .........................।
০৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। অফিস নথি।

২৭/২/১৭

(মোঃ আবু তালেব)
পরিচালক (যুগ্ম-সচিব)
ও
আহবায়ক
'জাতীয় সঞ্চয় অধিদপ্তর-ইনোভেশন টিম।